

## ছাত্র ও শিক্ষক সমাজ, মিডিয়া

### সরকার ও এনজিওদের সঙ্গে

### ব্যাপক যোগাযোগ

বিভিন্ন অংশীদার সংস্থার ও গোষ্ঠীর সঙ্গে ঢাকাস্থ ইউনিক ব্যাপক যোগাযোগে লিপ্ত হয়। ফলে একদিকে যেমন জাতিসংঘ সম্পর্কিত তথ্য প্রচারের কাজকর্ম সহজতর হয়, অপরদিকে তথ্য কেন্দ্রের প্রভাবও বৃদ্ধি পায়। নেওয়ার্কিং স্থাপনের পাশাপাশি অংশীদারগুলোর সঙ্গে যোগাযোগ তথ্য প্রবাহের সামগ্রিক পরিবেশ উন্নত করে।

তথ্য কেন্দ্রটির উদ্যোগেই এ বছর সফরত ইউএনডিপি-এর সহকারি প্রশাসক প্রধান জাতীয় দৈনিকগুলোর

প্রতিনিধিদের একটি একান্ত সাক্ষাৎকার এবং বাংলাদেশে জাতিসংঘ আবাসিক সমন্বয়কারীর সঙ্গে আরেকটি প্রেস সাক্ষাৎকারের ব্যবস্থা করা হয়। বাংলাদেশে জাতিসংঘ সংস্থা ও এজেন্সিগুলোর প্রকল্প স্থানসমূহ পরিদর্শনের জন্য মিডিয়া ভ্রমণও সাংবাদিক মহলের সঙ্গে তথ্যকেন্দ্রটির সম্পর্ক উন্নয়নে ভূমিকা রাখে।



তথ্য কেন্দ্রটিরই উদ্যোগে এ বছর জাতীয় দৈনিকসমূহে মহাসচিবসহ বিশিষ্ট জাতিসংঘের ব্যক্তিত্বের বেশ কয়েকটি প্রবন্ধ এবং সেই সঙ্গে কিছুসংখ্যক শিক্ষামূলক ও গণসচেতনাবর্ধক ফিচার প্রকাশিত হয়। এই প্রসঙ্গে জাতিসংঘ মহাসচিবের চ্যালেঞ্জের মুখে বিশ্বায়ন (Globalization on Trial) এবং বিশ্বের ভবিষ্যতের জন্য বিনিয়োগ (Investing for World Future) শীর্ষক প্রবন্ধগুলো বিশেষভাবে উল্লেখযোগ্য। প্রবীণদের সমস্যা সম্পর্কে নীতিন দেশাই ও ডনিএল ব্রাইডেল এর দু'টি প্রবন্ধ এবং প্রায় একই বিষয়ে তথ্য কেন্দ্রের কর্মকর্তার রচিত একটি প্রবন্ধ এ সময় পত্রিকাসমূহে ছাপা হয়। পিটার হ্যানসেন রচিত বিশ্বকে প্যালেস্টাইনবাসীদের সাহায্য করতে হবে (The World must help Palestinians) প্রবন্ধটিও এ সময়ে প্রকাশিত হয়।

বেতারের সঙ্গে সম্পর্ক নিবিড় করার লক্ষ্যে তথ্য কেন্দ্রটি বিশেষ পদক্ষেপ গ্রহণ করে। এরই ফলে বাংলাদেশে জাতিসংঘ কর্মতৎপরতা বিশেষ করে তথ্য কেন্দ্রের ভূমিকা সম্পর্কে কিছু কার্যসূচি গ্রহণে বাংলাদেশ বেতার সম্মত হয়। তদানুসারে বছরের মধ্যভাগে বাংলাদেশ বেতার বাংলাদেশে জাতিসংঘের আবাসিক সমন্বয়কারী ও কেন্দ্রের কর্মকর্তার সঙ্গে দশ মিনিট স্থায়ী এক সাক্ষাৎকার উত্তরণ শীর্ষক